

“থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধপথে প্রবাসী আয়, গড়বো বাংলাদেশ”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা
www.bmet.gov.bd

জন্মভূমি বাংলাদেশ
কর্মভূমি বিশ্বময়



জরুরি গণবিজ্ঞপ্তি

বিদেশগামী কর্মীদের অনলাইনে বহির্গমন ছাড়পত্র (ইমিগ্রেশন ক্লিয়ারেন্স) প্রদান সেবা চালু

প্রবাসগামী কর্মীদের দ্রুত বহির্গমন ছাড়পত্র প্রদানের জন্য সেবা সহজীকরণের পদক্ষেপ গৃহীত হয়েছে। এ লক্ষ্যে বিদ্যমান ম্যানুয়াল পদ্ধতিতে স্মার্ট কার্ড প্রদানের পাশাপাশি Online এ বহির্গমন ছাড়পত্র (ইমিগ্রেশন ক্লিয়ারেন্স) প্রদান করা হচ্ছে যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কার্যক্রম এগিয়ে নেবে।


০২। এ লক্ষ্যে প্রবাসগামী প্রত্যেক অভিবাসী কর্মীর বহির্গমন ছাড়পত্র www.amiprobashi.com বা www.old.bmet.gov.bd লিঙ্ক এ প্রবেশ করে Clearance Card অপশনে গিয়ে কর্মীর পাসপোর্ট নাম্বার দিয়ে কাল্পনিক বহির্গমন ছাড়পত্র বিশ্বের যে কোন স্থান হতে ডাউনলোড করা যাবে।

০৩। QR কোড সম্বলিত বিধায় ডাউনলোডকৃত কার্ডটি বহির্গমনকালে সংশ্লিষ্ট বিমান বন্দরে যাচাই (Verification) করা হবে। কাজের ভিসা (employment visa) নিয়ে বহির্গমনের জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমান বিমানবন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট দিয়ে বহির্গমনকালে বিমান বন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কে রক্ষিত QR কোড মেশিনে BMET Clearance যাচাইয়ান্তে কর্মীরা আগের তুলনায় সহজে ও দ্রুত বহির্গমন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।



স্বজনের মুখ স্মরণ করি
বাংলার জমিন গাছে ভরি

জি-১৬০৯/২৩ (৬X৪)


২৭/৭/২০২৩
(মোঃ শহীদুল আলম এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)